



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন  
কোম্পানী লিঃ (বাপেক্স)  
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫  
পরিকল্পনা ও আইসিটি বিভাগ  
পরিকল্পনা উপ-বিভাগ

জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০০০.০৭৮.০৭.০০০২.২৪.৪১

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাপেক্সের রিগ ক্রয়, টার্নিকি ভিত্তিতে কুপ খনন এবং অন্যান্য বিভাগ/প্রকল্পের আন্তর্জাতিক দরপত্র অফলাইনে প্রক্রিয়াকরণ বিষয়ে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) এর অনুমোদন প্রসঙ্গে।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন পেট্রোবাংলার কোম্পানি, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) তেল-গ্যাস অনুসন্ধান ও কুপ খনন কাজে নিয়োজিত একমাত্র রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। সম্প্রতি বাপেক্স কর্তৃক নিজস্ব খনন কার্যক্রমে ব্যবহারের জন্য একটি ২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয় এবং টার্নিকি ভিত্তিতে দুটি অনুসন্ধান কূপের খনন কাজ সম্পাদনের জন্য নিম্নবর্ণিত তিনটি পৃথক আন্তর্জাতিক দরপত্র আহ্বানের উদ্যোগ গৃহীত হয়েছে-

ক) Design, Engineering, Procurement, Supply, Installation, Commissioning, Testing, Maintenance Services and Mandatory Spare Parts for a 2000 HP AC-AC VFD Type Land Drilling Rig & Rig Accessories with the Capacity to Drill 5,000 meters, on Turn-Key Basis.

খ) Procurement of Drilling Works for Sunetra-2 Exploratory Well including Construction of Rig Foundation, Associated Civil Works, Third Party Engineering Services and Supply of Materials on Turn-Key Basis.

গ) Procurement of Drilling Works for One Exploratory Well (Fenchuganj South-1) including Construction of Rig Foundation, Associated Civil Works, Third Party Engineering Works and Supply of Materials on Turn-Key Basis

০২। উপর্যুক্ত তিনটি আন্তর্জাতিক দরপত্র তিনটি পৃথক অনুমোদিত/অনুমোদন প্রক্রিয়াধীন প্রকল্পের আওতায় One Stage Two Envelope Tendering Method (OSTETM) পদ্ধতি অনুসরণে ক্রয় প্রক্রিয়াকরণ করা হবে মর্মে সংশ্লিষ্ট প্রকল্পসমূহের ডিপিপি'র ক্রয় পরিকল্পনায় উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য, প্রকল্পসমূহের জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় বর্ণিত ক্রয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে। পিপিআর-২০২৫ মোতাবেক এই তিনটি আন্তর্জাতিক দরপত্র প্রক্রিয়াকরণে আদর্শ দরপত্র দলিল PG5A (রিগ ক্রয়ের ক্ষেত্রে) এবং Modified PW7 (টার্ন-কি ভিত্তিতে কুপ খননের ক্ষেত্রে) ব্যবহার করা হবে। উল্লেখ্য, বাপেক্স কর্তৃক বিভিন্ন বিভাগ/প্রকল্পের জন্য বৈদেশিক মালামাল ও সেবা ক্রয়ের ক্ষেত্রে Open Tendering Method (OTM), One Stage Two Envelope Tendering Method (OSTETM), Direct Procurement Method (DPM), QCBS Method ইত্যাদি ব্যবহৃত হয়ে থাকে।

০৩। বর্তমানে কোন আন্তর্জাতিক দরপত্র ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে প্রক্রিয়াকরণ করা হচ্ছে না এবং এ সংক্রান্ত দরপত্র দলিল ও ব্যবহারের জন্য ই-জিপি সিস্টেমে নেই। ফলে, বাপেক্সের পক্ষে ই-জিপি সিস্টেমে বর্ণিত দরপত্রসমূহসহ কোন প্রকার আন্তর্জাতিক দরপত্র আহ্বান ও প্রক্রিয়াকরণ করা সম্ভব হচ্ছে না। অনুমোদিত/প্রস্তাবিত সময়সূচী অনুসরণে প্রকল্পসমূহের কার্যক্রম বাস্তবায়নে সময়াবদ্ধ পরিকল্পনা রয়েছে।

০৪। এমতাবস্থায়, আন্তর্জাতিক দরপত্রের সংশ্লিষ্ট আদর্শ দরপত্র দলিলের ই-জিপি সিস্টেমে প্রাপ্যতাসহ system upgradation না হওয়া পর্যন্ত দরপত্র দলিল প্রস্তুত, দরপত্র আহ্বান, উন্মোচন, মূল্যায়ন এবং NOA প্রদানসহ চুক্তি স্বাক্ষরের কার্যক্রম ইলেকট্রনিক পরিচালন পদ্ধতির পরিবর্তে অফলাইনে সম্পন্ন করা প্রয়োজন। উল্লেখ্য, পিপিআর বিধি ১৫০(১) মোতাবেক বিধি ২৫(১৪) এর নির্দেশনা প্রতিপালন অর্থাৎ বার্ষিক ক্রয়

পরিকল্পনায় অন্তর্ভুক্তির শর্তসাপেক্ষে ক্রয়কারীর ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়াকরণের অসমর্থতার ক্ষেত্রে অফলাইনে দরপত্র প্রক্রিয়াকরণে বিপিপিএ-এর পূর্বানুমোদন গ্রহণের বিধান রয়েছে।

০৫। উপর্যুক্ত বর্ণনার প্রেক্ষিতে, বর্ণিত তিনটি আন্তর্জাতিক দরপত্রসহ বাপেক্সের অন্যান্য বৈদেশিক মালামাল ও সেবা ক্রয়ের ক্ষেত্রে e-GP portal upgrade না হওয়া পর্যন্ত দরপত্র দলিল প্রস্তুতকরণ, দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ, দরপত্র উন্মোচন, মূল্যায়ন, NOA প্রদানসহ চুক্তি স্বাক্ষরের কার্যক্রম অফলাইনে প্রক্রিয়াকরণের অনুমোদন প্রদানের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) পিপিআর বিধিমালা-২০২৫



১৭-১১-২০২৫

প্রকৌশলী মোঃ ফজলুল হক

ব্যবস্থাপনা পরিচালক

০১৭৫৫৫৫০২২০

mdbapex@bapex.com.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

প্রধান নির্বাহী কর্মকর্তা (বিপিপিএ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০০০.০৭৮.০৭.০০০২.২৪.৪১/১ (৩)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
- ২। ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
- ৩। অফিস কপি, পরিকল্পনা উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।



১৮-১১-২০২৫

মোহাম্মদ মঈনুল হোসেন

মহাব্যবস্থাপক (বিভাগীয় প্রধান)